# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
## কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**কেন্দ্রীয় হিসাব বিভাগ(শাখা-১)**

হিসাব মহাবিভাগ(হিসাব-১)/পরিপত্র নং- ০৬ তারিখঃ ২৩.০৯.২০২০খ্রিঃ

বিষয় ঃ **কর বছর ২০২১-২০২২ (অর্থ বছর ২০২০-২০২১) এর বৈতনিক আয়ের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে।**

সরকারি বেতন আদেশভূক্ত কর্মচারীর বেতন-ভাতাদির ক্ষেত্রে আয় গণনার জন্য ইতিপূর্বে জারিকৃত প্রজ্ঞাপন এসআরও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫ তারিখঃ ৩০ জুন, ২০১৫খ্রিঃ রহিতক্রমে এসআরও নং ২১১-আইন/আয়কর/২০১৭ তারিখঃ ২১ জুন, ২০১৭খ্রিঃ জারি করা হয়েছে। এ প্রজ্ঞাপন অনুযায়ী, সরকারি বেতন আদেশভূক্ত একজন কর্মচারীর বৈতনিক আয়কর নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস যে নামেই অভিহিত হোক না কেন করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে। অবসরকালে প্রদত্ত লাম্প গ্রান্ডসহ সরকারি বেতন আদেশে উল্লেখিত অন্যান্য ভাতা ও সুবিধাদি যেমন, বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, শ্রান্তি বিনোদন ভাতা, বাংলা নববর্ষ ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে। সরকারি বেতন আদেশভূক্ত কর্মচারীদের বেতন খাতে আয় নিরূপণ পর্যায়ে আয়কর আইনের বিধি-৩৩ প্রযোজ্য হবে না (সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ০১-০৯-২০২০খ্রিঃ তারিখে প্রকাশিত আয়কর নির্দেশিকা ২০২০-২০২১, পৃষ্ঠা নং ২২)। কর্মরত এবং পিআরএল ভোগরত করযোগ্য সকল কর্মকর্তা/কর্মচারী বৈতনিক (শুধু মাত্র সংশ্লিষ্ট বছরে প্রাপ্ত মূল বেতন, উৎসব ভাতা এবং বোনাস/এক্সগ্রেসিয়া ইত্যাদির যোগফল) আয়সহ করযোগ্য অন্যান্য খাতসহ মোট আয়ের উপর আয়কর নিজস্ব উৎস হতে পরিশোধ করবেন।

০২। নিম্নবর্ণিত নির্দেশাবলী পালন করতঃ কর্মরত এবং পিআরএল ভোগরত আয়কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের বৈতনিক আয়ের উপর আয়কর প্রদান করতে হবে ঃ

২.১। **মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর/কর দাতা কে হবেন ঃ**

সাধারণভাবে, মোট আয়ের করহারের তফসিল অনুযায়ী করহার প্রয়োগ করে একজন করদাতার মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমান নিরূপণ করা হয়। Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর Section 2(46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের মধ্যে যাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-খ প্রযোজ্য হবে না সে সকল প্রত্যেক ব্যক্তি-করদাতা (অনিবাসী বাংলাদেশীসহ), হিন্দু যৌথ পরিবার, অংশীদারি ফার্ম ও আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তিসহ অন্যান্য করদাতার ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হবে ঃ

| ক্রমিক | মোট আয় | হার |
|---|---|---|
| ক. | প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য |
| খ. | পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ৫% |
| গ. | পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% |
| ঘ. | পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% |
| ঙ. | পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% |
| চ. | অবশিষ্ট মোট আয়ের উপর | ২৫% |

**তবে শর্ত থাকে যে,**

| | |
|---|---|
| ক. | মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,৫০,০০০/- টাকা; |
| খ. | প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৫০,০০০/-টাকা; |
| গ. | গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৭৫,০০০/- টাকা; |
| ঘ. | কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যোক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা বেশী হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এই সুবিধা ভোগ করবেন; |
| ঙ. | ন্যূনতম করের পরিমান কোনভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হবে না ঃ |

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর/দক্ষিন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতিত এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

একজন করদাতার আয় যে কোন স্থানেই অর্জিত হোক না কেন তিনি যেখানে অবস্থান করবেন তার সে অবস্থানের ভিত্তিতেই ন্যূনতম করের হার নির্ধারিত হবে। তবে কোন করদাতা একই আয় বছরে একাধিক স্থানে অবস্থান করলে যে স্থানে তিনি সর্বাধিককাল অবস্থান করেছেন সে অবস্থান স্থলের জন্য প্রযোজ্য ন্যূনতম কর হার তার ক্ষেত্রে প্রযোজ্য হবে। করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার জন্য প্রযোজ্য ন্যূনতম আয়করের পরিমান অপেক্ষা কম হলে অথবা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমান প্রযোজ্য ন্যূনতম আয়করের কম, শূন্য বা ঋণাত্মক হলেও করদাতাকে তার জন্য প্রযোজ্য ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

চলমান পাতা-২

২.২। **বৈতনিক আয় বলতে কি বুঝায় ঃ**

করযোগ্য বৈতনিক আয়কর হিসাবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থবছরে অর্থাৎ ১ জুলাই হতে ৩০ জুন পর্যন্ত প্রাপ্ত শুধুমাত্র মূল বেতন (এরিয়ারসহ যদি থাকে), উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া ইত্যাদি বিবেচনায় নিতে হবে (সূত্রঃ এসআরও নং ২১১-আইন/আয়কর/২০১৭ তারিখ ২১.০৬.২০১৭খ্রিঃ)

২.৩। **বিনিয়োগজনিত কর রেয়াত ঃ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর [44(4)(b)] ধারা অনুযায়ী নির্দিষ্ট কয়েকটি খাতে করদাতার বিনিয়োগ/চাঁদা থাকলে করদাতা বিনিয়োগজনিত কর রেয়াত পান। মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের অংক থেকে কর রেয়াতের অংক বাদ দিলে প্রদেয় করের অংক পাওয়া যায়।

**একজন করদাতার বিনিযোগজনিত কর রেয়াত পরিগণনার ক্ষেত্রে নিম্নরূপ ২টি বিষয় বিবেচিত হয় ঃ**

ক. করদাতার মোট আয়;
খ. রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount)

**রেয়াতের জন্য অনুমোদনযোগ্য অংক (eligible amount) ঃ**

ক. রেয়াত পাওয়ার যোগ্য খাতে করদাতার প্রকৃত বিনিয়োগ/চাঁদার পরিমান;
খ. করযোগ্য মোট আয়ের [82C ধারার (2) উপ-ধারায় বর্ণিত উৎস/উৎসসমূহ হতে প্রাপ্ত আয় এবং কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত করহার প্রযোজ্য এমন আয় থাকলে তা ব্যতিত] ২৫%;
গ. ১ কোটি ৫০ লক্ষ টাকা;
এই তিনটির মধ্যে যেটি কম।

**মোট আয় ও অনুমোদনযোগ্য অংক (eligible amount) এর ভিত্তিতে আয়কর রেয়াতের পরিমান ঃ**

| মোট আয় | রেয়াতের পরিমান |
|---|---|
| ১৫ লক্ষ টাকা পর্যন্ত | ১৫% |
| ১৫ লক্ষ টাকার অধিক | ১০% |

**বৈতনিক আয় হতে অনুমোদনযোগ্য রেয়াতী (রিবেট) সুবিধা পাওয়া খাতসমূহ ঃ**

১. জীবন বীমার প্রিমিয়াম;
২. সরকারি কর্মকর্তার প্রভিডেন্ট ফান্ড;
৩. স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা ও কর্মকর্তার চাঁদা;
৪. কল্যান তহবিল ও গোষ্ঠী বীমার চাঁদা;
৫. সুপার এনুয়েশন ফান্ডে প্রদত্ত চাঁদা;
৬. যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট পেনশন স্কীমে বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/-টাকা বিনিয়োগ;
৭. সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ;
৮. বাংলাদেশের স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচাল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ;
৯. বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ;
১০. জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান;
১১. যাকাত তহবিলে দান;
১২. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান;
১৩. প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান;
১৪. মক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান;
১৫. আগা খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান;
১৬. আহসানিয়া ক্যান্সার হাসপাতালে দান;
১৭. ICDDRB'এ দান;
১৮. CRP, সাভার এ প্রদত্ত দান;
১৯. সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষাপ্রতিষ্ঠানে দান;
২০. এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ'এ দান;
২১. ঢাকা আহসানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে দান;
২২. মুক্তযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান।

চলমান পাতা-৩

২.৪। **ব্যক্তিগত মটর গাড়ির অগ্রিম কর ঃ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 68B ধারা অনুযায়ী প্রাইভেট মটর কার মালিকের উপর অগ্রিম আয়করের বিধান রয়েছে। ব্যক্তিগত গাড়ির ফিটনেস নবায়নকালে প্রদত্ত অগ্রিম কর আয়কর হতে বাদ দিয়ে নীট আয়কর নির্ধারণ করতে হবে। অর্থ আইন, ২০২০ মোতাবেক মটর কারের নিবন্ধন বা ফিটনেস নবায়নের ক্ষেত্রে নিম্নরূপ কর হার নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রঃ | মটর কারের ধরণ ও ইঞ্জিনের ক্ষমতা | করের পরিমান (টাকায়) |
|---|---|---|
| ক. | ১৫০০ সিসি'র উর্ধ্বে নয় এরূপ প্রতিটি কার বা জীপ এর জন্য | ২৫,০০০/- |
| খ. | ১৫০০ সিসি'র উর্ধ্বে কিন্তু ২০০০ সিসি'র উর্ধ্বে নয় এরূপ প্রতিটি কার বা জীপ এর জন্য | ৫০,০০০/- |
| গ. | ২০০০ সিসি'র উর্ধ্বে কিন্তু ২৫০০সিসি'র উর্ধ্বে নয় এরূপ প্রতিটি কার বা জীপ এর জন্য | ৭৫,০০০/- |
| ঘ. | ২৫০০ সিসি'র উর্ধ্বে কিন্তু ৩০০০ সিসি'র উর্ধ্বে নয় এরূপ প্রতিটি কার বা জীপ এর জন্য | ১,২৫,০০০/- |
| ঙ. | ৩০০০ সিসি'র উর্ধ্বে কিন্তু ৩৫০০ সিসি'র উর্ধ্বে নয় এরূপ প্রতিটি কার বা জীপ এর জন্য | ১,৫০,০০০/- |
| চ. | ৩৫০০ সিসি'র উর্ধ্বে এরূপ প্রতটি কার বা জীপ এর জন্য | ২,০০,০০০/- |
| ছ. | মাইক্রোবাস প্রতিটির জন্য | ৩০,০০০/- |

২.৫। **সারচার্জ ঃ**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধার ৮০ অনুযায়ী ব্যক্তি করদাতা কর্তৃক দাখিলকৃত পরিসম্পদ, দায় ও খরচের বিবরণীতে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের ভিত্তিতে করদাতার প্রদেয় আয়করের উপর ২০২০-২০২১ করবছরে নিম্নবর্ণিত হারে সারচার্জ আরোপযোগ্য হবেঃ

| সম্পদ | সারচার্জের হার | ন্যূনতম সারচার্জ |
|---|---|---|
| ক. নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা পর্যন্ত | শূন্য | শূন্য |
| খ. নীট পরিসম্পদের মূলমান তিন কোটি টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নহে;<br>বা নিজ নামে একের অধিক মোটর গাড়ি;<br>বা কোন সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% | ৩,০০০/- |
| গ. নীট পরিসম্পদের মূলমান পাঁচ কোটি টাকা অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে; | ১৫% | |
| ঘ. নীট পরিসম্পদের মূলমান দশ কোটি টাকা অধিক কিন্তু পনেরো কোটি টাকার অধিক নহে; | ২০% | ৫,০০০/- |
| ঙ. নীট পরিসম্পদের মূলমান পনেরো কোটি টাকা অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে; | ২৫% | |
| চ. নীট পরিসম্পদের মূলমান বিশ কোটি টাকা অধিক যে কোন অংকের উপর | ৩০% | |

তবে শর্ত থাকে যে, যেইসব করদাতার নীট পরিসম্পদ ৫০ কোটি টাকা বা উহার উর্ধ্বে সেইসব করদাতার সারচার্জ এর পরিমান হবে উক্ত করদাতার নীট পরিসম্পদের ০.১% অথবা আয়কর প্রযোজ্য এইরূপ আয়ের উপর প্রযোজ্য আয়করের উপর ৩০% হারে প্রদেয় সরচার্জ, এই দুটির মধ্যে যা বেশী।

**ব্যাখ্যা ঃ**

ক. নীট পরিসম্পদের মূল্যমান বলতে Incme-tax Ordinance 1984 (Ordinance No XXXVI of 1984 এর Section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses) তে প্রদর্শিত নীট পরিসম্পদের মূল্যমান (total net worth) বুঝাবে; এবং

খ. মোটর গাড়ি বলতে প্রাইভেট কার, জীপ বা মাইক্রোবাস বুঝাবে।

০৩। **বেতন ভাতাদি ব্যতীত অন্যান্য উৎস হতে আয়ের ক্ষেত্রে ঃ**

বেতন ভাতাদি ব্যতীত অন্যান্য উৎস হতে আয় থাকলে, কর্মকতা ও কর্মচারীদেরকে নিজস্ব উৎস হতে ব্যক্তিগতভাবে অতিরিক্ত আয়ের জন্য পে-অর্ডার/চালানের মাধ্যমে আয়কর পরিশোধ করতে হবে।

০৪। **রিটার্নস দাখিলযোগ্য কর্মকর্তা/কর্মচারী ঃ**

যে সকল কর্মকর্তা/কর্মচারীর সংশ্লিষ্ট আয়বছরে করযোগ্য আয় আছে এবং যে সকল কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট আয় বছরের যে কোন সময় ১৬,০০০ টাকা বা তদুর্ধ্ব মূল বেতন আহরণ করেছেন ও যে সকল কর্মকর্তা/কর্মচারী ইটিআইএন গ্রহন করেছেন তাদের করযোগ্য আয় না থাকলেও নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট আয়কর অফিসে রিটার্নস দাখিল করতে হবে (সূত্রঃ অর্থ আইন-২০১৬, অর্থ আইন-২০২০)।

চলমান পাতা-৪

০৫। **বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপন ঃ**

অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা ৫০ এর উপ-ধারা (১এ) এর বিধান মোতাবেক একজন সরকারি চাকুরিজীবী আয় বছরের শুরুতে তার প্রাপ্য বেতন, উৎসব ভাতা ও বোনাসের পরিমানের ভিত্তিতে বেতন খাতে করযোগ্য আয় নিরূপণ করবেন। বেতন খাতে করযোগ্য আয়ের উপর বিদ্যমান কর হার প্রয়োগ করে মোট প্রদেয় কর এর পরিমান নিরূপন এবং তা হতে বিদ্যমান হারে কর রেয়াত বাদ দিয়ে নীট প্রদেয় করের পরিমান নির্ধরণ করবেন। ব্যক্তিগত গাড়ির মালিক হলে গাড়ির ফিটনেস নবায়নকালে পরিশোধকৃত অগ্রিম আয়কর বাদ দিয়ে তিনি নীট প্রদেয় করের পরিমান নিরূপন করবেন। বর্ণিত পদ্ধতিতে নিরূপিত নীট প্রদেয় কর ১২ দিয়ে ভাগ করে মাসিক প্রদেয় করের পরিমান নির্ধারণ করতঃ মাসিক বেতন হতে কর্তন করবেন।

০৬। **বৈতনিক আয়কর প্রধান কার্যালয়ে প্রেরণ ঃ**

শাখাসমূহ প্রতি মাসের ৩ তারিখের মধ্যে কর্তনকৃত আয়করের ক্রেডিট এ্যাডভাইস অঞ্চলের প্রধান শাখার উপর ইস্যুপূর্বক বৈতনিক আয়করের মাসিক বিবরণী MITS (Monthly Income Tax Statement) সংযোজনী-ক যথাযথভাবে পূরণ করে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় তার নিজ কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কায়ালয় এবং অঞ্চলের প্রধান শাখায় কর্মরত করযোগ্য কর্মকর্তা/কর্মচারীদের বেতন হতে কর্তনকৃত আয়করসহ শাখাসমূহ হতে প্রাপ্ত এ্যাডভাইস অঞ্চলের প্রধান শাখা কর্তৃক সাড়া প্রদানপূর্বক অঞ্চলের প্রধান শাখা হতে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগের (শাখা-১) উপর ইস্যুপূর্বক অত্র বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা জনাব নাজমুল হুদা এর বরাবরে ০৭ তারিখের মধ্যে কুরিয়ারযোগে প্রেরণ করবে। এ্যাডভাইসে প্রেরিত আয়করের একটি বিবরণী MITS (Monthly Income Tax Statement) প্রস্তুতপূর্বক ই-মেইলযোগে (dgmaccounts1@krishibank.org.bd) Soft Copy প্রেরণ করবে।

কর্পোরেট শাখাসমূহ কর্তনকৃত বৈতনিক আয়করের ক্রেডিট এ্যাডভাইস বিভাগীয় কার্যালয়ের বেতন প্রদানকারী শাখার উপর ইস্যুপূর্বক বিবরণীসহ MITS (Monthly Income Tax Statement) প্রতি মাসের ৩ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় নিজ কার্যালয় ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন হতে কর্তকৃত বৈতনিক আয়করসহ কর্পোরেট শাখাসমূহ হতে প্রাপ্ত বৈতনিক আয়করের এ্যাডভইস বেতন প্রদানকারী শাখা কর্তৃক সাড়া প্রদানপূর্বক একীভূত একটি ক্রেডিট এ্যাডভাইস প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে কুরিয়ারযোগে অত্র বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা জনাব নাজমুল হুদা এর বরাবরে প্রেরণ করবে। বৈতনিক আয়করের মাসিক বিবরণী MITS (Monthly Income Tax Statement) ৭ তারিখর মধ্যে প্রস্তুতপূর্বক ই-মেইলযোগে (dgmaccounts1@krishibank.org.bd) Soft Copy প্রেরণ করবে। বৈতনিক আয়কর বাবদ প্রেরিত এ্যাডভইস এর টাকা এবং বিবরণীতে উল্লেখিত টাকার পরিমান অবশ্যই সমান হতে হবে। জুলাই হতে মে মাস পর্যন্ত বৈতনিক আয়করের এ্যাডভাইস ও বিবরণী বর্ণিত তাখির মধ্যে মাসিক ভিত্তিতে এবং জুন মাসের বৈতনিক আয়করের এ্যাডভাইস ও বিবরণী ২২ জুন তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

এলপিও সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগের (শাখা-১) উপর ক্রেডিট এ্যাডভাইস ইস্যুপূর্বক অত্র বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা জনাব নাজমুল হুদা এর বরাবরে প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে MITS (Monthly Income Tax Statement) সহ প্রেরণ করবেন।

০৭। **কর পরিশোধের বিষয়টি এলপিসিতে উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র সংগ্রহকরণ ঃ**

অর্থবছরের যে কোন সময়ে বদলীজনিত কারণে কোন করদাতা কর্মকর্তা/কর্মচারীর বর্তমান শাখা/কার্যালয়ে মাস ভিত্তিক কর্তনকৃত করের নিম্নোক্ত ছক মোতাবেক প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক বদলীকৃত শাখা/কার্যালয়ে দাখিল করতে হবে এবং কর বাবদ কর্তনকৃত অর্থের মোট পরিমান এলপিসিতে উল্লেখ করতে হবে। অর্থবছর শেষে অত্র বিভাগে প্রেরিত চূড়ান্ত কর বিবরনীতে সংশ্লিষ্ট বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীর পুরো অর্থবছরের তথ্য সন্নিবেশ করতে হবে।

নাম ঃ
পদবী ঃ
পিএফ ঃ
ই-টিআইএন ঃ

| মাসের নাম | মূল বেতন | বোনাস/এক্সগ্রেসিয়া | কর্তনকৃত কর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| কর্তনকৃত মোট কর | | | |

০৮। **রেজিষ্টার সংরক্ষণ ঃ**

প্রধান কার্যালয়ের প্রত্যেকটি বিভাগ, প্রত্যেকটি শাখা/কার্যালয় নিজ নিজ করদাতা কর্মকর্তা/কর্মচারীদের কর্তনকৃত আয়করের জন্য ১টি বৈতনিক আয়কর রেজিষ্টার নিম্নোক্ত ছক মোতাবেক সংরক্ষণ করবেন।

| ক্রঃ | নাম | পদবী | পিএফ | ই-টিআইএন | মাসের নাম | মূল বেতন | বোনাস/ এক্সগ্রেসিয়া | মোট কর | বিনিয়োগ রেয়াত | কর্তনকৃত কর | সর্বমোট প্রদেয় কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

চলমান পাতা-৫

০৯। আঞ্চলিক নিরীক্ষা ও বিভাগীয় নিরীক্ষাকালীন সময়ে ব্যাংকের অভ্যন্তরীন নিরীক্ষকগণ কর কর্তন সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা; বিষয়টি নিশ্চিত করবেন।

১০। প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের নিকট হতে কম্পিউটেশন শীট অনুযায়ী কর প্রদান সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সংযোজনী-গ মোতাবেক রিটার্ণের সাথে দাখিল করতে হবে।

১১। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল কর বিবরণী (রিটার্ন) দাখিল করার কারণে কিংবা আদৌ কর বিবরণী দাখিল না করার কারণে বৈতনিক আয়কর কর্তৃপক্ষ কর্তৃক যেকোন জরিমানা আরোপিত হলে ব্যাংক এর দায় বহন করবে না।

১২। উল্লেখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী (Final Income Tax Statement) সংযোজনী-খ Excell Formate এ প্রস্তুত করে ৩১ জুলাই এর মধ্যে ই-মেইল যোগে (dgmaccounts1@krishibank.org.bd) Soft copy প্রেরণ করতে হবে। নির্দিষ্ট এক্সেল ফরমেট ব্যতিত অন্য কোন ফরমেট বা স্ক্যান কপি গ্রাহ্য নয়। আয়করের চূড়ান্ত প্রতিবেদনে (Final Income Tax Statement) কেবলমাত্র করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর তথ্য সন্নিবেশিত হবে।

১৩। প্রসংগত উল্লেখ্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আয়কর সংক্রান্ত কোন সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন প্রযোজ্য।

১৪। বৈতনিক আয়কর সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে অত্র বিভাগের নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো ঃ

| | |
|---|---|
| জনাব আরিফুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | মোবাইল ঃ ০১৭২৮-৭৭১৩৮৩ |
| জনাব নাজমুল হুদা, উর্ধ্বতন কর্মকর্তা | মোবাইল ঃ ০১৯১১-৫৫৮৯১৭ |

অনুমোদনক্রমে -

সংযুক্তিঃ বর্ণনামতে।

(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/হিসাব-০১/কর শাখা-০৩/২০২০-২০২১/ (১২৫০) তারিখঃ ২৩.০৯.২০২০ খ্রিঃ

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস, কার্ড এন্ড মোবাইল ব্যাংকিং, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটের নোটিশ ও সার্কুলারের প্রাইভেট জোনে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৮। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (**মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে**), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(আরিফুর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা